৪২ মিনিটে ৫০০০ মিটার দৌঁড়ে ৯৬ বছরের বৃদ্ধের বিশ্ব রেকর্ড!

বেঁচে থাকলে, তার বয়সীদের যেখানে লাঠিই একমাত্র সহায় হতো, সেখান রয় ইংলার্ট শুধু দৌঁড়োচ্ছেন বললে ভুল হবে। নয়া নজিরও গড়ছেন। ঘড়ি বলছে, আইওয়া সাইক্লোন স্পোর্টস কমপ্লেক্সে ৫০০০ মিটার দৌঁড়তে তিনি সময় নিয়েছেন মাত্র ৪২:৩০.২৩। আর কোনও প্রবীণ এই রেকর্ডের ধারেকাছে নেই।

এই রেকর্ড এর মধ্য দিয়ে তিনি প্রমাণ করলেন বয়স তার কাছে সংখ্যা ছাড়া আর কিছু নয়! রয়ের প্রতিক্রিয়া, ‘ইট’স ফান’। কিন্তু, দৌড়র শুরুর সময় অবশ্যই মজা থাকে না। শেষ করার পরেই আসল মজা। তার কথায়, এটা আসলে কঠিন পরিশ্রমের ফল। উল্লেখ্য, ৯৬ বছরের বৃদ্ধ রয় ইংলার্ট ভার্জিনিয়ার নাগরিক।